

কেরিয়ার কাউন্সিলিং সেমিনারে এবারের চমক আইলিপ

SANCHARI PAUL- 3RD YEAR HONS JOURNALISM

‘নারীর ক্ষমতায়ান’ নিয়ে সমগ্র সমাজ উত্তাল। তবে, মুরালীধর গার্লস কলেজের অধ্যক্ষ ডা. কিঞ্জলকিনি বিশ্বাস মনে করেন, নারীর ক্ষমতায়ানের শুধু ধ্বজা উড়ালেই চলবে না। নারীকে শিক্ষা, চাকুরির মধ্যে দিয়ে ক্ষমতায়ানের শীর্ষে পৌঁছে দিতে হবে। এই উদ্দেশ্যেই অধ্যক্ষ সহ কলেজের অন্যান্য অধ্যাপক-অধ্যাপিকাদের প্রয়াসে মাঝে-মধ্যেই কলেজে বিভিন্ন কেরিয়ার কাউন্সিলিং সংক্রান্ত সেমিনারের আয়োজন করা হয়।

২৩শে নভেম্বর’১৬ সালে, মুরালীধর গার্লস কলেজের ২৬নং ঘরের স্মার্ট ক্লাসরুমে প্যাথফাইন্ডারের শাখা আইলিপের সদস্যদের উপস্থিতিতে আয়োজন করা হয়েছিল। এমনই এক কেরিয়ার কাউন্সিলিং-এর সেমিনারের। চাকুরি ক্ষেত্রে বিভিন্ন সময় যে সকল প্রবেশিকা পরীক্ষা দিতে হয়। এই সকল পরীক্ষায় প্রশ্নের উত্তর দেওয়ার এক বিশেষ কৌশল সময়কে উপযুক্ত ভাবে ব্যবহার করা। কারণ, ১৫০-২০০টি অতিসংক্ষিপ্ত প্রশ্নের উত্তর নির্দিষ্ট সময়ের মধ্যে দিতে গেলে সময়ের উপযুক্ত ব্যবহার ভীষণ জরুরি এবং সেই সকল প্রশ্নের উত্তর দেওয়ার সংক্ষিপ্ত পদ্ধতি রপ্ত করাও জরুরি। আইলিপ-এর শিক্ষক প্রতিহার কথা অনুযায়ী, কেরিয়ার আর সাফল্য দুটি বিচ্ছিন্ন পাহাড়, এই দুটি পাহাড়ের মধ্যবর্তী সেতুবন্ধন হল আইলিপ।

সেমিনারে উপস্থিত আইলিপের শিক্ষকরা ছাত্রীদের উপস্থিতিতে অল্প সময়ে বড় বড় অঙ্কের সমাধানের জন্য বেশ কিছু সহজ পদ্ধতি শিখিয়ে দেন। ধরা-বাঁধা ছকের বাইরে গিয়ে মজার অঙ্কের সমাধান আর সাধারণ জ্ঞানের উত্তরে প্রানোচ্ছল হয়ে ওঠে সেমিনারটি।

সেমিনারে উপস্থিত কলেজের এক অধ্যাপিকা ডা. ইন্দ্রানী রাহা মহাশয়া জানান “ছাত্রীদের সুবিধার্থেই এই সেমিনার; তাদের উপস্থিতিই সেমিনারটিকে সার্থক করে তুলতে পারে”। সেমিনারে উপস্থিত সাংবাদিকতা বিভাগের এক ছাত্রী জানান “নারীর ক্ষমতায়ান করতে হলে স্বাবলম্বন জরুরি। সরকারি চাকুরি পাওয়ার জন্য বিভিন্ন প্রবেশিকা পরীক্ষায় বসার পূর্বে এই ধরনের সেমিনার খুবই গুরুত্বপূর্ণ”।

ILEAP PATHFINDER WORKSHOP PICTURES (23-11-2016)



Figure 1 ILEAP OFFICIALS AND TRAINERS ARE DELIVERING LECTURES



Figure 2 PROF. ACHINTYAM CHATTERJEE, ACADEMIC HEAD ILEAP ANNOUNCING FREE CLASS FACILITIES FOR OUR STUDENTS, EVERY SATURDAY AT ILEAP HAZRA CENTRE



Figure 3 STUDENTS LISTENING ATTENTIVELY IN ILEAP WORKSHOP




Figure 4 SECTION OF THE AUDIENCE IN COLLEGE SMARTROOM
